



কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) CONSUMERS ASSOCIATION OF BANGLADESH (CAB)

বাড়ী নং- ৮/৬ সেগুন বাগিচা
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৮৮-০২-৯৫৬২৮৫৮
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৭৭৫৪২

E-mail : cabdhaka2013@gmail.com
Website : www.consumerbd.org

HOUSE NO. 8/6 SEGUNBAGICHA
DHAKA-1000, BANGLADESH
PHONE : 88-02-9562858
FAX : 88-02-9577542

১২ ফেব্রুয়ারি ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

ক্যাব, বিসিএএস ও প্রকাশের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

নিরাপদ খাদ্যে সুশাসনের অঙ্গীকার করে গতকাল ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় পরিচালিত প্রকাশ (প্রোমোটিং নলেজ ফর অ্যাকাউন্টেবল সিস্টেমস) এবং এর সাথে দুটি সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

নিরাপদ খাদ্য বিষয়ক জ্ঞান ও প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য বৈজ্ঞানিক গবেষণা, সংশ্লিষ্ট সকল মহলের দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্স স্টাডিজ (বিসিএএস) এবং প্রকাশ যৌথভাবে এ সমঝোতা স্মারকে স্বাক্ষর করে। এ তিনটি প্রতিষ্ঠান কার্যক্রমের মধ্য দিয়ে নিরাপদ খাদ্যের জন্য ক্যাম্পেইন পরিচালনা, সুশাসন, ভোক্তা অধিকার এবং জনস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে যৌথভাবে কার্যক্রম পরিচালনা করবে।

বারিধারায় প্রকাশ অফিসে সমঝোতা স্মারক অনুষ্ঠানে ক্যাব-এর সভাপতি গোলাম রহমান, বিসিএএস-এর নির্বাহী পরিচালক ড. আতিক রহমান এবং প্রকাশ-এর টিম লিডার জেরি ফক্স নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। প্রতিষ্ঠানগুলোর কর্মকর্তারাও এসময় উপস্থিত ছিলেন। আশা করা যাচ্ছে যে, ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় এ যৌথ উদ্যোগের মাধ্যমে সরকারের নীতি নির্ধারণী পর্যায়ে, বেসরকারি সংস্থা, নিয়ন্ত্রণকারী সংস্থা এবং অন্যান্য সংশ্লিষ্ট মহলের জবাবদিহিতা ও দায়িত্ববোধ বৃদ্ধি পাবে যা চূড়ান্তভাবে বাংলাদেশে নিরাপদ খাদ্যে সুশাসনকে জোরদার করবে।

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রকাশের টিম লিডার জেরি ফক্স আশা প্রকাশ করেন যে, ক্যাব ও বিসিএএস-এর মধ্যকার পার্টনারশিপের মাধ্যমে বাংলাদেশের খাদ্য নিরাপদতা এবং জনস্বাস্থ্য বিষয়গুলো উন্নত হবে।

ক্যাব-এর সভাপতি গোলাম রহমান বলেন, ক্যাব এবং বিসিএএস-এর ব্যাপক অভিজ্ঞতা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতার সমন্বয়ে বৈজ্ঞানিক গবেষণায় প্রাপ্ত তথ্যাদি নিরাপদ খাদ্য বিষয়ক ক্যাম্পেইন এবং ভোক্তা অধিকার বিষয়ে সংশ্লিষ্ট সকল মহলের জবাবদিহিতা ও দায়িত্ববোধ বৃদ্ধিতে সহায়তা করবে।

বিশিষ্ট জলবায়ু গবেষক ও বিসিএএস-এর নির্বাহী পরিচালক ড. আতিক রহমান বলেন, বর্তমান বাংলাদেশে নিরাপদ খাদ্য একটি গুরুত্বপূর্ণ ইস্যু যা জনস্বাস্থ্যের সাথে সম্পৃক্ত। এক্ষেত্রে খাদ্যের গুণাগুণের ওপর গবেষণা করা অত্যন্ত জরুরি। তিনি বলেন, জনস্বাস্থ্য পরিস্থিতি উন্নত করার জন্য দেশে নিরাপদ খাদ্যে সুশাসন প্রতিষ্ঠায় অ্যাডভোকেসি এবং ক্যাম্পেইন অত্যন্ত জোরালো ভূমিকা রাখতে পারে।

বার্তাপ্রেরক

সৈয়দা আমিরুন নূজহাত
প্রজেক্ট ম্যানেজার, ক্যাব।